গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

বাজেট

(২০১৬-২০১৭)

কমিশনার/মহাপরিচালকগণের উদ্দেশ্যে শুল্ক সংক্রান্তনির্দেশিকা

১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ

২ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুন বাগিচা, ঢাকা।

[আমদানি পর্যায়ের শুল্ক, সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর]

নথি নং ০৮.০১.০০০০.৫৩.০১.০০১.১৬. **তারিখ ঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ। / ২ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ।**

প্রেরক ঃ সাধন কুমার কুন্ডু
দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রাপক ঃ (১) প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল।

(২) কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মংলা/আইসিডি/পানগাঁও।

(৩) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ঢাকা (উত্তর)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/যশোর/খুলনা/সিলেট/কুমিল্লা/বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা।

(৪) কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম; কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা; কাস্টমস এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।

(৫) মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর/কাস্টমস গোয়েন্দা ও তদন্তপ অধিদপ্তর/মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

বিষয় ঃ ২০১৬-২০১৭ অর্থবছরের বাজেটে আমদানি পর্যায়ে শুল্ক-কর বিষয়ে প্রস্তাবিত পরিবর্তন সম্পর্কিত নির্দেশিকা।

মহোদয়,

২০১৬-২০১৭ অর্থ বছরের বাজেটে উত্থাপিত অর্থ আইন, ২০১৬, Customs Act, 1969 এর অধীনে প্রণীত প্রজ্ঞাপন ও বিধিমালার সংশোধনী, আমদানি শুল্ক, সম্পূরক শুল্ক, রেগুলেটরি ডিউটি ও অন্যান্য পরিবর্তন সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশনাসমূহের প্রতি আপনার সদয় মনোযোগ

আকর্ষণ করা হলো। <u>**২০১৬-২০১৭ অর্থবছরের বাজেটে ঘোষিত শুল্ক-কর হারের পরিবর্তনসমূহ এবং এতদ্‌সংক্রান্ত সকল প্রজ্ঞাপন ও আদেশ ২ জুন, ২০১৬ তারিখ হতে কার্যকর হবে**</u>। সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বাজেট সংশ্লিষ্ট নিম্নবর্ণিত দলিলাদি এতদসংগে প্রেরণ করা হলো :

(ক) অর্থ আইন, ২০১৬।

(খ) Customs Act, 1969, এর প্রতিস্থাপিত FIRST SCHEDULE (Bangladesh Customs Tariff)।

(গ) মূল্য সংযোজন কর (মূসক) সংক্রান্ত প্রজ্ঞাপন।

(ঘ) মূল্য সংযোজন কর (মূসক) সংক্রান্ত নির্দেশিকা।

(ঙ) শুল্ক সংক্রান্ত প্রজ্ঞাপনসমূহ, যার বিবরণ নিম্নরূপ :

(অ) <u>যে সকল প্রজ্ঞাপন বাতিল করা হয়েছে</u> :

(১) ২০১৫-২০১৬ অর্থবছরের মধ্যবর্তী সময়ে কাসাভা আমদানির উপর আরোপিত আমদানি শুল্ক প্রত্যাহার সংক্রান্ত জারীকৃত এস.আর.ও. নং ৩০৬-আইন/২০১৫/কাস্টমস, তারিখ ঃ ৬ কার্তিক, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ২১ অক্টোবর, ২০১৫ খ্রিস্টাব্দ প্রজ্ঞাপন **এস. আর. ও. নং ১৪৫-আইন/২০১৬/০৭/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** দ্বারা বাতিল করা হয়েছে।

(২) ২০১৫-২০১৬ অর্থবছরের মধ্যবর্তী সময়ে

(ক) কপার বার, কপার প্লেট এবং কপার টিউব আমদানির ক্ষেত্রে রেগুলেটরী ডিউটি আরোপ সংক্রান্ত জারীকৃত এস.আর.ও. নং ৩৫৩-আইন/২০১৫/৫৯/কাস্টমস, তারিখঃ ১৫ অগ্রহায়ন, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ২৯ নভেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ;

(খ) চাল আমদানির ক্ষেত্রে রেগুলেটরি ডিউটি আরোপ সংক্রান্ত জারীকৃত এস.আর.ও. নং ৩৬২-আইন/২০১৫/৬২/কাস্টমস, তারিখঃ ২৩ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ৭ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ; এবং

(গ) ফেরো এলয় আমদানির ক্ষেত্রে রেগুলেটরি ডিউটি আরোপ সংক্রান্ত জারীকৃত এস.আর.ও. নং ৪৬-আইন/২০১৬/০৩/কাস্টমস, তারিখ ঃ ১৮ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ১ মার্চ, ২০১৬ খ্রিস্টাব্দ,

প্রজ্ঞাপন **এস.আর.ও. নং ১৪৬-আইন/ ২০১৬/০৮/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** দ্বারা বাতিল করা হয়েছে।

(আ) <u>যে সকল প্রজ্ঞাপন নূতন জারী ও সংশোধন করা হয়েছে</u> :

(০১) মূলধনী যন্ত্রপাতি সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং ১৩৫-আইন/ ২০১৫/১৫/কাস্টমস তারিখ ঃ ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ০৪ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ এর সংশোধনী প্রজ্ঞাপন **এস.আর.ও. নং ১৪৭-আইন/ ২০১৬/০৯/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(০২) মূসক নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক পণ্য/কাঁচামাল আমদানির ক্ষেত্রে BCT তে প্রদত্ত শুল্ককর সুবিধা বহাল রেখে কতিপয় শর্ত আরোপপূর্বক একটি নূতন প্রজ্ঞাপন **এস. আর. ও. নং ১৪৮-আইন/২০১৬/১০/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(০৩) ঔষধ শিল্পের কাঁচামাল আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং ১২২-আইন/২০১৪/২৪৮৬/কাস্টমস, তারিখ ঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ০৫ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ এর সংশোধনী **এস. আর. ও. নং ১৪৯-আইন/ ২০১৬/১১/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(০৪) কম্পিউটার সামগ্রী আমদানি সংক্রান্ত এস,আর,ও ৩২-আইন/ ২০১৬/০২/ কাস্টমস, তারিখ ঃ ০৩ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ১৫ ফেব্রুয়ারী, ২০১৬ খ্রিস্টাব্দ এর সংশোধনী প্রজ্ঞাপন **এস. আর. ও. নং ১৫০-আইন/ ২০১৬/১২/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(০৫) টেক্সটাইল শিল্পের যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং ১৭৮-আইন/২০১০/২২৯৬/শুল্ক, তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ বাতিলপূর্বক একটি নূতন প্রজ্ঞাপন **এস. আর. ও. নং ১৫১-আইন/২০১৬/১৩/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(০৬) চামড়া শিল্পের কাঁচামাল আমদানি সংক্রান্ত এসআরও নং ১৬৯-আইন/ ২০০৫/২০৭৮/শুল্ক, তারিখঃ ২৬ জ্যেষ্ঠ, ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ৯ জুন, ২০০৫ খ্রিস্টাব্দ বাতিলপূর্বক একটি নূতন **এস.আর.ও. নং ১৫২-আইন/ ২০১৬/১৪/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(০৭) ডেইরি/পোল্ট্রি/ফিস ফিড প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক পণ্য আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৪৭-আইন/২০১৩/২৪৩৪/কাস্টমস, তারিখ ঃ ০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ এর সংশোধনী **এস. আর. ও. নং ১৫৩-আইন/২০১৬/১৫/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(০৮) কৃষি যন্ত্রপাতি স্থানীয়ভাবে সংযোজন ও তৈরির লক্ষ্যে এর কতিপয় যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে শুল্ক সুবিধা প্রদানপূর্বক নূতন **এস.আর.ও. নং ১৫৪-আইন/২০১৬/১৬/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(০৯) মোটর সাইকেল খাতকে প্রগতিশীল করার লক্ষ্যে মোটর সাইকেলের যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে শুল্ক সুবিধা প্রদান সংক্রান্ত একটি নূতন প্রজ্ঞাপন **এস. আর. ও. নং ১৫৫-আইন/২০১৬/১৭/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(১০) হাইব্রিড কার আমদানি সংক্রান্ত এসআরও নং ১২১-আইন/২০১৪/২৪৮৫/কাস্টমস, তারিখ ঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ৫ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ বাতিলপূর্বক একটি নূতন **এস. আর. ও. নং ১৫৬-আইন/২০১৬/১৮/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(১১) হিউম্যান হলার আমদানির ক্ষেত্রে শুল্ক সুবিধা প্রদানের লক্ষ্যে একটি নূতন প্রজ্ঞাপন **এস. আর. ও. নং ১৫৭-আইন/২০১৬/১৯/কাস্টমস, তারিখ: ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(১২) রেফারাল হাসপাতাল কর্তৃক যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং ১৩৭-আইন/২০০৯/২২৪০/শুল্ক, তারিখঃ ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ১১ জুন, ২০০৯ খ্রিষ্টাব্দ এর সংশোধনী প্রজ্ঞাপন **এস. আর. ও. নং ১৫৮-আইন/২০১৬/২০/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(১৩) হোটেলের জন্য উপকরণ আমদানি সংক্রান্ত এসআরও নং ৫০-আইন/২০১৪/২৪৭৬/কাস্টমস, তারিখঃ ২০ চৈত্র, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ৩ এপ্রিল, ২০১৪ খ্রিষ্টাব্দ এর সংশোধনী **এস. আর. ও. নং ১৫৯-আইন/২০১৬/২১/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(১৪) শতভাগ রপ্তানিমুখী তৈরী পোষাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কতিপয় উপকরণ আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৪৫-আইন/২০১৪/২৫০৮/কাস্টমস, তারিখ ঃ ২৯ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ১২ জুন, ২০১৪

খ্রিস্টাব্দ এর সংশোধনী প্রজ্ঞাপন **এস. আর. ও. নং ১৬০-আইন/২০১৬/২২/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(১৫) শতভাগ রপ্তানিমুখী তৈরী পোষাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক প্রিফেব্রিকেটেড বিল্ডিং তৈরীর উপকরণ আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৩৭-আইন/২০১৪/২৫০১/কাস্টমস, তারিখ ঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ০৫ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ এর সংশোধনী **এস. আর. ও. নং ১৬১-আইন/২০১৬/২৩/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(১৬) খেলনা প্রস্তুতকারী প্রতিষ্ঠানের উপকরণ আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৪৫-আইন/২০১৫/২৫/কাস্টমস, তারিখ ঃ ০৪ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ এর সংশোধনী প্রজ্ঞাপন **এস. আর. ও. নং ১৬২-আইন/২০১৬/২৪/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(১৭) সোলার প্যানেল প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক উপকরণ আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৫৫-আইন/২০০৪/২০৪৭/শুল্ক, তারিখ ঃ ১০ জুন, ২০০৪ খ্রিষ্টাব্দ এর সংশোধনী প্রজ্ঞাপন **এস. আর. ও. নং ১৬৩-আইন/২০১৬/২৫/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(১৮) বিদেশ হতে আগত যাত্রীদের আনীত পণ্যসমূহের ছাড়করণের লক্ষ্যে বিদ্যমান যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০১২ সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং ১৭২-আইন/২০১২/২৪০০/কাস্টমস, তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ বাতিলপূর্বক একটি নূতন বিধিমালা প্রজ্ঞাপন **এস. আর. ও. নং ১৬৪-আইন/২০১৬/২৬/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(১৯) ট্যারিফ ভ্যালু সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং ১৪৬-আইন/ ২০১৩/২৪৩৩/কাস্টমস, তারিখ ঃ ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ বাতিলপূর্বক নূতন প্রজ্ঞাপন **এস. আর. ও. নং ১৬৫-আইন/২০১৬/২৭/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(২০) শিশু পার্ক/এ্যামিউজমেন্ট পার্ক কর্তৃপক্ষ কর্তৃক আমদানিকৃত কতিপয় যন্ত্রপাতি ও যন্ত্রাংশের ক্ষেত্রে রেয়াতি হারে শুল্ক-কর সুবিধা প্রদানের লক্ষ্যে নূতন প্রজ্ঞাপন **এস. আর. ও. নং ১৬৬-আইন/২০১৬/২৮/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(২১) রেগুলেটরি ডিউটি আরোপ সংক্রান্ত নূতন **এস. আর. ও. নং ১৬৭-আইন/২০১৬/২৯/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(২২) কীটনাশক আমদানি সংক্রান্ত এসআরও নং- ১৪৩-আইন/২০০৯/২২৪৬/, তারিখঃ ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ১১ জুন, ২০০৯ খ্রিষ্টাব্দ এর সংশোধনী প্রজ্ঞাপন **এস. আর. ও. নং ১৬৮-আইন/২০১৬/৩০/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(২৩) ঢাকা ক্লিন ফুয়েল প্রকল্পের জন্য পণ্য আমদানি সংক্রান্ত এসআরও নং ১১-আইন/২০০৫/২০৬৩/ শুল্ক, তারিখঃ ৩ মাঘ, ১৪১১ বঙ্গাব্দ মোতাবেক ১৬ জানুয়ারি, ২০০৫ খ্রিষ্টাব্দ এর সংশোধনী **এস. আর. ও. নং ১৬৯-আইন/২০১৬/৩১/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(২৪) মূসক নিবন্ধিত এনার্জি সেভিং ল্যাম্প উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও কমপোনেন্ট এর উপর রেয়াতি সুবিধা প্রদান সংক্রান্ত এসআরও নং **৩৭-আইন/২০১১/২৩২৮/শুল্ক**, তারিখঃ ১২ ফাল্গুন, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ২৪ ফেব্রুয়ারি, ২০১১ খ্রিষ্টাব্দ এর সংশোধনী প্রজ্ঞাপন **এস. আর. ও. নং ১৭০-আইন/২০১৬/৩২/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(২৫) জাহাজ শিল্পের কাঁচামাল আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৫০-আইন/২০১৩/২৪৩৭/কাস্টমস, তারিখ ঃ ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ এর সংশোধনী **এস.আর.ও. নং ১৭১-আইন/২০১৬/৩৩/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(২৬) ডেইরি/পোল্ট্রি শিল্পের যন্ত্রপাতি আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং-১৬০-আইন/২০১২/২৩৮৮/কাস্টমস, তারিখ ঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ/ ৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ এর সংশোধনী **এস.আর.ও. নং ১৭২-আইন/২০১৬/৩৪/কাস্টমস, তারিখ:২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(২৭) ক্যান্সার নিরোধক ঔষধ তৈরির কাঁচামাল আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং- **২০৩-আইন/২০১৫/৪০/কাস্টমস**, তারিখ ঃ ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ এর সংশোধনী প্রজ্ঞাপন **এস. আর. ও. নং ১৭৩-আইন/২০১৬/৩৫/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

(২৮) কাস্টমস এজেন্টস (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৯ সংক্রান্ত প্রজ্ঞাপন এস,আর,ও নং- ১৫০-আইন/২০০৯/২২৫৩/শুল্ক, তারিখ ঃ ১১ জুন, ২০০৯ খ্রিষ্টাব্দ বাতিলপূর্বক একটি নূতন বিধিমালা **এস. আর. ও. নং ১৭৪-আইন/২০১৬/৩৬/কাস্টমস, তারিখ : ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ** জারী করা হয়েছে।

২। Customs Act, 1969, এ যে সকল সংশোধনী আনা হয়েছে :

(ক) Customs Act, 1969 এর নিম্নোক্ত ধারাসমূহ সংশোধন করা হয়েছে:

ক্রমিক নং	বিষয়	The Customs Act এর সংশিষ্ট section
(১)	(২)	(৩)
১.	Customs Act এর section 2 এ customs inland water container terminal এর সংজ্ঞা সন্নিবেশ এবং customs-station এর সংজ্ঞা সংশোধন।	2
২.	শুল্ক-কর বিষয়ে অন্যান্য আইনের উপর Customs Act, 1969 এর প্রাধান্য।	2A
৩.	কাস্টমস কর্মকর্তাগণের দায়িত্ব কতিপয় অন্য কর্মকর্তাগণের উপর অর্পণ সংক্রান্ত।	6
৪.	কাস্টমস স্টেশন ঘোষণা সংক্রান্ত।	9
৫.	রেগুলেটরি ডিউটি আরোপের সর্বোচ্চ হার সংক্রান্ত।	18
৬.	বেসরকারী পণ্যাগারে পণ্য নিখোঁজ বা ধ্বংসের ক্ষেত্রে নোটিশ প্রদানের সময়সীমা সংক্রান্ত।	115
৭.	বাংলাদেশের ভিতর দিয়ে বিদেশি ভূখন্ডে পণ্য ট্রানজিট সংক্রান্ত বিষয়ে শর্ত আরোপ।	129
৮.	বাংলাদেশের ভিতর দিয়ে বিদেশি ভূখন্ডে পণ্য ট্রানজিটের ফি ধার্য সংক্রান্ত বিষয়ে নতুন ধারা সংযোজন।	129A
৯.	গুদামজাত পণ্য গুদাম হতে অপসারণ সংক্রান্ত আইটেম সংশোধন।	156 এর Table এর clause 59
১০.	কাস্টমস কর্মকর্তাগণকে ফৌজদারী কার্যবিধির আওতায় ক্ষমতা প্রদান সংক্রান্ত sub-section সংযোজন।	156 এর sub-section (5)
১১.	আপিল কমিশনার কর্তৃক মামলা নিস্পত্তির সময়সীমা নির্ধারণ সংক্রান্ত sub-section সংযোজন।	193A

ক্রমিক নং	বিষয়	The Customs Act এর সংশ্লিষ্ট section
(১)	(২)	(৩)
১২.	আপীলাত ট্রাইব্যুনালে আপিলের সময়সীমা গণনা সংক্রান্ত।	196A
১৩.	জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত বিধিমালা মহান জাতীয় সংসদে উপস্থাপনের বাধ্যবাধকতা সংক্রান্ত।	219 এর sub-section (4) বিলুপ্ত।
১৪.	জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক রুলিং প্রদানের সময়সীমা সংক্রান্ত।	219A

(খ) বিদ্যমান FIRST SCHEDULE (Bangladesh Customs Tariff) এর পরিবর্তে নূতন FIRST SCHEDULE প্রতিস্থাপিত হয়েছে।

৩। **শুল্ক/সম্পূরক শুল্কহারের পুনর্বিন্যাস :**

(ক) চলতি ২০১৫-২০১৬ অর্থবছরে বিদ্যমান পাঁচ স্তর বিশিষ্ট শুল্কহার ০%, ১%, ৫%, ১০%, ও ২৫% এর পরিবর্তে আগামী ২০১৬-২০১৭ অর্থবছরে ছয় স্তর বিশিষ্ট শুল্কহার ০%, ১%, ৫%, ১০%, ১৫% ও ২৫% এ পুনর্বিন্যাস করা হয়েছে।

(খ) বিদ্যমান ১১ স্তর বিশিষ্ট সম্পূরক শুল্কহার ১০%, ২০%, ৩০%, ৪৫%, ৬০%, ১০০%, ১৫০%, ২০০%, ২৫০%, ৩৫০% ও ৫০০% অপরিবর্তিত রাখা হয়েছে।

(গ) সর্বোচ্চ শুল্ক হার ২৫% প্রযোজ্য রয়েছে এমন পণ্যের ক্ষেত্রে (কতিপয় ব্যতিক্রম ছাড়া) বর্তমানে বলবৎ ৪% রেগুলেটরি ডিউটি হ্রাস করে ৩% করা হয়েছে এবং ৫% ও ১৫% শুল্কহারযুক্ত কতিপয় পণ্যের উপর বিভিন্ন হারে রেগুলেটরি ডিউটি আরোপ করা হয়েছে। তবে, ২০১৫-২০১৬ অর্থবছরে ১০% আমদানি শুল্কযুক্ত যে সকল পণ্যের উপর ৪% রেগুলেটরি ডিউটি প্রযোজ্য ছিল সে সকল পণ্যসমূহের আমদানি শুল্কহার ১৫% নির্ধারণপূর্বক রেগুলেটরি ডিউটি প্রত্যাহার করা হয়েছে। বিশেষ রেয়াতি সুবিধা প্রযোজ্য রয়েছে, এমন পণ্য যথারীতি রেগুলেটরি ডিউটি এর আওতা বহির্ভূত রাখা হয়েছে।

(ঘ) বর্তমানে মোটর গাড়ী আমদানিতে প্রযোজ্য শুল্ককর হার ও গাড়ির সিলিন্ডার ক্যাপাসিটি ভিত্তিক শুল্ক স্তর (slab) আগামী ২০১৬-২০১৭ অর্থবছরেও অপরিবর্তিত রাখা হয়েছে। তবে বর্তমানে Hybrid Motor Car এর ২৫০০ সি.সি. পর্যন্ত আমদানির ক্ষেত্রে রেয়াতী সুবিধা প্রযোজ্য। প্রস্তাবিত বাজেটে মোটরকারের পাশাপাশি অন্যান্য হাইব্রিড গাড়ির ক্ষেত্রে এবং হাইব্রিড মাইক্রোবাস এর ক্ষেত্রেও সিসি ভিত্তিক রেয়াতি সুবিধা প্রদানপূর্বক প্রজ্ঞাপন জারী করা হয়েছে।

(ঙ) Human hauler এর উপর বর্তমানে ২৫% আমদানি শুল্ক, ৩০% সম্পূরক শুল্ক বিদ্যমান রয়েছে। পণ্যটির জন্য পৃথক এইচএসকোড সৃজন করে প্রজ্ঞাপনের অধীনে শর্তসাপেক্ষে রেয়াতি সুবিধা প্রদান করা হয়েছে।

(চ) বিদ্যমান যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালার আওতায়

- বিধি২ এর উপবিধি (২) এ "ব্যাগেজ" এর সংজ্ঞায় "প্রতিটি আইটেমের ওজন ১৫ (পনের) কেজির অধিক হইবে না" মর্মে বিধান রাখা হয়েছে।

- বিধি৩ এর উপবিধি (১০) এ একজন যাত্রী কর্তৃক "অনধিক ২০০ (দুইশত গ্রাম) ওজনের স্বর্ণবার বা স্বর্ণপিন্ড" এর পরিবর্তে "অনধিক ২৩৪ (দুইশত চৌত্রিশ গ্রাম) ওজনের স্বর্ণবার বা স্বর্ণপিন্ড" আনার বিধান করা হয়েছে।

- 'তফসিল২' এ উল্লিখিত Plasma, LCD, TFT, LED ও অনুরূপ প্রযুক্তির টেলিভিশন (২২" ৩৬" পর্যন্ত) এর শুল্ককর কিছুটা হ্রাস করে নিম্নরূপ পরিমানে পরিশোধের বিধান করা হয়েছে, যথাঃ

(ক) ২২" - ২৯" পর্যন্ত ৫,০০০/টাকা
(খ) ৩০" - ৩৬" পর্যন্ত ১০,০০০/টাকা।

১৯। অর্থ আইন, ২০১৬ এর মাধ্যমে Customs Act, 1969 এ আনা সংশোধনী ও জারীকৃত প্রজ্ঞাপনসমূহের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। **উল্লেখ্য, আগামী ২০১৬-২০১৭ অর্থবছরের বাজেটে শুল্ক সংক্রান্ত প্রস্তাবসমূহ ২ জুন, ২০১৬ তারিখ থেকে কার্যকর হবে**।

২০। আইনের সংশোধনী এবং জারীকৃত প্রজ্ঞাপনসমূহ পর্যালোচনায় কোন ত্রুটি, অসংগতি বা বৈসাদৃশ্য পরিলক্ষিত হলে তা তাৎক্ষণিকভাবে email ও ফ্যাক্স যোগে জাতীয় রাজস্ব বোর্ডের শুল্ক : নীতি ও বাজেট শাখার গোচরীভূত করতে হবে। এছাড়াও বাজেটে উল্লিখিত সকল কার্যক্রম আপনার দপ্তরের কর্মকর্তাগণের সাথে পর্যালোচনাপূর্বক আপনার মতামত, পর্যবেক্ষণ, পরামর্শ ও মূল্যায়ন সম্বলিত একটি প্রতিবেদন আগামী ১৫/০৬/২০১৬ তারিখের মধ্যে বিশেষ বাহক মারফত জাতীয় রাজস্ব বোর্ডের প্রথম সচিব (কাস্টমস : নীতি ও বাজেট) [ফোন নং ০২-৮৩৯১৩৫২, ফ্যাক্স নম্বর ০২-৯৩৩০৪৫৬; email:fakhrulkrr@yahoo.com] বরাবরে প্রেরণের জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

আপনার অনুগত,

স্বাক্ষরিত/-

(সাধন কুমার কুন্ডু)
দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)
email: skkundu_79@yahoo.com